

Ex/ARTS/BNG/UG/MAJOR/3.1/2025

কলা স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ জি মেজর - ৩.১

(প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

৭.৫×৪=৩০

১ক. 'মহারাগনয়চর্যা' বলতে কী বোঝ? এই চর্যাগানের নামকরণের প্রসঙ্গ আমরা কীভাবে জানতে পারি? এই গানের আভিধানিক ও আভিপ্রায়িক অর্থ সম্পর্কে আলোচনা করো। ৭.৫

(অথবা)

১খ. শূন্যবাদের ধারণা চর্যাগানের মধ্যে কীভাবে প্রকাশ পেয়েছে তা তোমার পাঠ্য কয়েকটি গান বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ৭.৫

(অথবা)

১গ. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে রাখা চরিত্র পরিকল্পনায় বড়ু চণ্ডীদাস কোথায় অভিনবত্ব দেখিয়েছেন দৃষ্টান্তসহ আলোচনা করো। ৭.৫

২ক. তোমার পাঠ্য ভাবসম্মিলনের অন্তত দুটি পদ অবলম্বন করে বৈষ্ণব পদাবলির ভাষা ও ভাবনার বিচার করো। ৭.৫

BNG-1165

[Turn Over]

(২)

(অথবা)

২খ. বৈষ্ণব তত্ত্ব-মতে 'মান-হেতু নায়িকার অষ্টাবস্থা' বিষয়টি আলোচনা করো। ৭.৫

৩ক. বৃন্দাবনদাসের 'চৈতন্যভাগবত' কাব্যে চৈতন্যজীবনের বিবরণই কেন্দ্রীয় বিষয় হওয়া সত্ত্বেও নিত্যানন্দের প্রসঙ্গ কেন ও কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে তোমার পাঠ্য অংশের সাপেক্ষে দৃষ্টান্তসহ আলোচনা করো। ৭.৫

(অথবা)

৩খ. বৃন্দাবনদাসের 'চৈতন্যভাগবত' কাব্যে শ্রীমদ্ভাগবতের প্রভাব ও প্রসঙ্গ কীভাবে উঠে এসেছে তোমার পাঠ্য অংশ অবলম্বনে আলোচনা করো। ৭.৫

৪ক. কৃষ্ণিবাসী রামায়ণের অযোধ্যা কাণ্ডে অযোধ্যা থেকে ভরদ্বাজ মুনির আশ্রম পর্যন্ত রামচন্দ্রের যাত্রাপথের পরিচয় ও গুরুত্ব আলোচনা করো। ৭.৫

(অথবা)

৪খ. বাল্মীকি বিরচিত রামায়ণকে অবলম্বন করা সত্ত্বেও কৃষ্ণিবাসী রামায়ণে কীভাবে সমসময়ের সমাজ ও পরিবার ব্যবস্থার চালচিত্র উঠে এসেছে তোমার পাঠ্য অংশ অবলম্বনে আলোচনা করো। ৭.৫

★ ★ ★

BNG-1165

XX24(113)—80